# একাত্তরের প্রজন্ম হচ্ছে সবচেয়ে নিকৃষ্ট: কাজী মোহাম্মদ ইব্রাহিম



সংগৃহীত ছবি

ইসলামী বক্তা কাজী মোহাম্মদ ইব্রাহিম সম্প্রতি একটি ভিডিওতে মন্তব্য করেছেন, “একাত্তর প্রজন্ম ছিল নিকৃষ্টতম। তাদের নেতা, কর্মী, সমর্থক সবাই মিথ্যুক। যুদ্ধও মিথ্যা, স্বাধীনতাও মিথ্যা।”

আরও বলেন, “স্বাধীনতা আমরা পেয়েছিলাম ১৯৪৭ সালের ১৪ আগস্ট। বাংলাদেশিরাই মূল সংগ্রাম করেছিল পাকিস্তান রাষ্ট্রের জন্য। শেরে বাংলা ফজলুল হক, শেখ মুজিবসহ সকল আলেম ওলামা এই আন্দোলনে ছিলেন। তবে ১৯৭১ সালের স্বাধীনতা পিলখানা ও আগরতলা ষড়যন্ত্রের মতো ঘটনা থেকে ভিন্নভাবে ব্যাখ্যা করা হয়েছে।”

কাজী ইব্রাহিম ভারতের বন্ধুদেরকে বাংলাদেশের শত্রু হিসেবে আখ্যায়িত করে বলেন, “ড. ইউনূসসহ যারা ভারতপন্থী, তারা দেশের শত্রু। ভবিষ্যতে তাদের বিচার হবে এবং বাংলাদেশের কোনো পদে রাখবো না।”

ভিডিওটি সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়ার পর নেটিজেনদের মধ্যে বিভিন্ন প্রতিক্রিয়া দেখা গেছে। ইউটিউবে তার আরও কয়েকটি ওয়াজে একই ধরনের মন্তব্যও পাওয়া যায়।

LENS ASIA